সংবাদ

তারিখ 13 0 SEP 2016
পৃষ্ঠা ৩ ... ৬ কলাম

রোকেয়া বিশ্ববিদ্যালয়

# সাবেক উপাচার্যের বিরুদ্ধে চার্জশিট দাখিল শীঘ্রই

লিয়াকত আলী বাদল, রংপুর

দুর্নীতি দমন কমিশন রংপুর অঞ্চলের উপ-পরিচালক মোজাহার আলী বলেন, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জলিলের বিরুদ্ধে কর্মকর্তা-কর্মচারী নিয়োগসহ বিভিন্ন অনিয়ম দুর্নীতির অভিযোগে দ্রুত চার্জশিট দাখিল করা হচ্ছে। এছাড়াও রংপুরে খাদ্য কর্মকর্তা সাজ্জাদ হোসেন ফিরু ও তার স্ত্রী মর্জিনা পারভীনের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে মামলা দায়ের করার প্রস্তুতি চলেছে। তিনি বৃহস্পতিবার দুপুরে আরডিআরএস মিলনায়তনে দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় এ কথা বলেন। দুদক উপ-পরিচালক বলেন, গত ৪ মাসে দুর্নীতির

রোকেয়া : পৃষ্ঠা : ২ ক : ৩

রোকেয়া : বিশ্ববিদ্যালয়

(১৬ পৃষ্ঠার পর)

অভিযোগে ১০ জন বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তাকে গ্রেফতার করা হয়েছে। গত বুধবার রংপুর হিসাবরক্ষণ অফিসে ভুয়া বিলের মাধ্যমে ৪ কোটি ২০ লাখ টাকা উত্তোলনের অভিযোগে ঠিকাদার তৌহিদ রফিক চৌধুরীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়াও আয়কর প্রদান না করায় রংপুরের হারাগাছের মায়া বিড়ির মালিক আওয়ামী লীগ নেতা আনোয়ারুল ইসলাম মায়া ও তার দুই ভাই মিজানুর রহমান ও রেজওয়ানুল করিমের বিরুদ্ধে গতকাল ৩টি মামলা দায়ের করা হয়েছে। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই ৩ ভাইয়ের বিড়ি ব্যবসাসহ অঢেল সম্পদ রয়েছে কিন্তু তারা কোন আয়কর প্রদান করেন না। তাদের কাছে বেশ কয়েক কোটি টাকা আয়কর পাওনা রয়েছে। তাছাড়া আয়কর প্রদান না করলে তার সম্পদও অবৈধ হয়ে যায়।

তিনি জানান, এছাড়াও আরও অনেক প্রভাবশালীদের গ্রেফতার করার জন্য অভিযান চলছে। এর মধ্যে একজন প্রতিমন্ত্রীর ভাইও রয়েছে। তাকে গ্রেফতার করার জন্য বেশ কয়েকবার অভিযান চালানো হলেও তাকে পাওয়া যায়নি। এছাড়াও রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিম্নমানের চিকিৎসা সামগ্রী কেনার ব্যাপারে তদন্ত চলছে। অচিরেই ব্যবস্থা নেয়া হবে।

দুদক উপ-পরিচালক দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যমকর্মীদের সহযোগিতা কামনা করে বলেন, রংপুর সিটি করপোরেশনের দুর্নীতির বিষয়ে কমিশন থেকে অনুমোদন পাওয়ার পরপরই তদন্ত শুরু হবে। সেখানে অনেক দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। রংপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা আকবর হোসেনসহ অন্য নেতারা। এর আগে সাংবাদিকরা রংপুরে অবস্থিত দুদকের রংপুর আঞ্চলিক কার্যালয়ের দৃশ্যমান কোন কর্মকাণ্ড দেখা যাচ্ছে না বলে অভিযোগ করে বলেন, দুদক কি করছে তা জনগণকে জানানো প্রয়োজন কিন্তু দুদক সহযোগিতা করলে কিংবা তথ্য প্রদান করলে তাদের পক্ষে কিভাবে সহযোগিতা করা হবে বলে পাল্টা প্রশ্ন করেন সাংবাদিকরা। তবে দুদক উপ-পরিচালক জানান, এখন থেকে দুদকের সব কর্মকাণ্ড সাংবাদিকদের অবহিত করা হবে।

২৬